

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১১.২৯-১৮৩


তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: খাদ্য অধিদপ্তরধীন বিভিন্ন এলএসডি/সিএসডি/সাইলো/ফ্লাওয়ার মিল/ঘাট এর শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদার নিয়োগের
নিমিত্ত প্রস্তুতকৃত Standard Tender Document (STD) অনুমোদন।

সূত্র: খাদ্য অধিদপ্তর এর স্মারক নং ১৩.০১.০০০০.০৮৪.৪৯.০০১.২১.(পার্ট-২)-২০; তারিখ: ২৪/১০/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি আইন, ২০২৩ এর ধারা ৯(৮) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ১৩০(১)(গ) এর বিধানমতে আদর্শ দরপত্র বা প্রস্তাব দলিল প্রণয়ন, অনুমোদন ও বিতরণ এর দায়িত্ব বিপিপিএ (অধুনালুপ্ত সিপিটিইউ) এর উপর ন্যস্ত করা হয়েছে। অপরদিকে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৫(১) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪(১) এর বিধানমতে প্রতিটি সরকারী ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্রয়কারী, বিপিপিএ কর্তৃক প্রণীত ও জারিকৃত আদর্শ ক্রয় দলিল অনুসরণে উক্ত ক্রয় প্রক্রিয়ার জন্য দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল প্রণয়ন করবে।

০২। এফশে, খাদ্য অধিদপ্তর হতে বিষয়োক্ত ক্রয় কার্যে ব্যবহারের জন্য যে ০৪ সেট দলিল প্রেরণ করা হয়েছে তা পত্রে উল্লিখিত “আদর্শ দরপত্র দলিল (Standard Tender Document)” নয়, প্রকৃতপক্ষে তা ক্রয়কারী প্রণীত দরপত্র দলিল (Tender Document) হিসেবে বিবেচিত হবে। আইনের বিধানমতে, উক্তরূপ দরপত্র দলিল প্রণয়নের দায়িত্ব সংশ্লিষ্ট ক্রয়কারীর, যিনি বিপিপিএ-প্রণীত আদর্শ দরপত্র দলিল অনুসরণে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৪(১২) এর বিধানমতে তা প্রণয়ন করে ক্রয় প্রক্রিয়ায় ব্যবহার করবে। যে সকল ক্রয় ক্যাটেগরি বা পদ্ধতির জন্য বিপিপিএ কর্তৃক ইতোমধ্যে আদর্শ দরপত্র দলিল (Standard Tender Document) জারি করা হয়েছে, সে সকল ক্ষেত্রে বিপিপিএ কর্তৃক কোন ক্রয়কারীর দরপত্র দলিল (Tender Document) ভেটিং বা অনুমোদন করা আইনানুগ নয়।


শাহ ইয়ামিন-উল ইসলাম
পরিচালক (উপসচিব)
ফোনঃ ০২-৪৮১১৯২৯৯

মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)’র ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।